গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৯

## রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ এবং নাটোর সফরে আসছেন নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা

রাজশাহী, ১৬ শ্রাবণ (৩১ জুলাই):

নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেন তিন (০৩) দিনের সরকারি সফরে আগামীকাল থেকে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ এবং নাটোর জেলা সফর করবেন। তিনি শুক্রবার (০১ আগস্ট) রাতে রেলপথে নাটোর পৌঁছাবেন এবং সেখান থেকে সড়কপথে রাজশাহী সার্কিট হাউজে এসে রাত্রিযাপন করবেন।

শুক্রবার সকাল নয়টায় তিনি সুলতানগঞ্জ নদী বন্দর পরিদর্শন করবেন। সকাল এগারোটায় চাঁপাইনবাবগঞ্জ সোনাসমজিদ স্থলবন্দরে স্থানীয় প্রশাসন, কাস্টমস এবং ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করবেন। বিকাল সাড়ে তিনটায় চাঁপাইনবাবগঞ্জ সার্কিট হাউজে শ্রমিকদের মাঝে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অনুমোদিত চেক হস্তান্তর করবেন।

শনিবার (০২ আগস্ট) সকাল নয়টায় রাজশাহী জাতীয় পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটে ওএসএইচ রিচার্স কনফারেন্স এর উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করবেন। সকাল সাড়ে দশটায় একইস্থানে স্থানীয় প্রশাসন, শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, ট্রেড ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করবেন এবং শ্রমিকদের মাঝে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অনুমোদিত চেক হস্তান্তর এবং সংবাদ সম্মেলন করবেন। দুপুর বারোটায় রাজশাহী ইউসেপ এর কার্যক্রম পরিদর্শন করবেন। বিকাল তিনটায় ওএসএইচ রিচার্স কনফারেন্সে প্যানেল ডিসকাশন সমাপনীতে অংশগ্রহণ করবেন। বিকাল চারটায় রাজশাহী বরেন্দ্র জাদুঘর পরিদর্শন শেষে সার্কিট হাউজে রাত্রিযাপন করবেন।

উপদেষ্টা রবিবার (০৩ আগস্ট) সকাল সাড়ে দশটায় নাটোর সার্কিট হাউজে শ্রমিকদের মাঝে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অনুমোদিত চেক হস্তান্তর করবেন। বেলা এগারোটায় স্থানীয় প্রশাসন ও ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে মতবিনিময় শেষে উত্তরা গণভবন ও রাণী ভবানী রাজবাড়ী পরিদর্শন করবেন।

ওইদিন দুপুর সোয়া দুইটায় তিনি রেলপথে ঢাকার উদ্দেশ্যে নাটোর ছেড়ে যাবেন।

................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১২.০০ ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd